

জেএসসি-এসএসসি পরীক্ষার সময় কমল, সূচি প্রকাশ

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৩ জুলাই ২০১৯, ২০:২৩

আপডেট: ০৩ জুলাই ২০১৯, ২১:৫৩



ফাইল ছবি

পরীক্ষার মাঝে বিরতি কমিয়ে আগামী জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও সমমান এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি ঘোষণা করেছে শিক্ষা মন্ত্রণালয়। এর ফলে পরীক্ষার সময় আগের চেয়ে কমল।

নতুন সময়সূচি অনুযায়ী আগামী ২ নভেম্বর শুরু হয়ে ১১ নভেম্বর পর্যন্ত চলবে ২০১৯ সালের জেএসসি পরীক্ষা। অর্থাৎ ১০ দিনব্যাপী হবে এই পরীক্ষা, যা এত দিন সাধারণত ১৫ দিন লাগত।

অন্যদিকে, ২০২০ সালের ১ ফেব্রুয়ারি শুরু হয়ে এসএসসির লিখিত পরীক্ষা শেষ হবে ২২ ফেব্রুয়ারি। গেলবার লিখিত পরীক্ষা হয়েছিল ২৪ দিনে। নতুন সময়সূচি অনুযায়ী এসএসসিতে সংগীতসহ অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষা ২৩ থেকে ২৯ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে।

এবার আগে থেকেই পরীক্ষার সময় কমিয়ে আনা পরিকল্পনার কথা জানিয়েছিল শিক্ষা বোর্ডগুলো। তারই আলোকে প্রস্তাবিত সময়সূচি প্রণয়ন করে তা অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পাঠানো হয়। বুধবার সেটি অনুমোদন করেছে শিক্ষা মন্ত্রণালয়। অনুমোদিত সময়সূচি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া হয়েছে।